

## আইআইটি হচ্ছে না যাদবপুর ও শিবপুর

দেবীদাস আচার্য ✧ কলকাতা

**জ**ল্পনা যতই থাক, যাদবপুর ও শিবপুর— দুইয়ের কোনওটাই কিন্তু আই আই টি হচ্ছে না। দুই বিশ্ববিদ্যালয়ের উপাচার্যই জানিয়েছেন, আই আই টি করার কোনও প্রস্তাব কেন্দ্রীয় সরকার দেয়নি এবং তা করা সম্ভবও নয়। সম্প্রতি রাজ্যের ওই দুই অগ্রণী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে আসা মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের বিশেষজ্ঞেরাও এমন প্রস্তাব দেননি। বরং আন্তর্জাতিক মানে পৌঁছতে হলে দু'টি প্রতিষ্ঠানের কোথায় কী ধরনের উন্নয়ন দরকার, তাঁরাই সেই ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের সুপারিশ চেয়েছেন। যাদবপুর ও শিবপুর শীঘ্রই ওই সুপারিশ পাঠাচ্ছে সংশ্লিষ্ট কমিটির কাছে।

আর্থিক সহায়তা, পরিকাঠামো উন্নয়ন, ভিন্দেিশি পড়ুয়াদের আকর্ষণ করার ব্যাপারে দু'টি বিশ্ববিদ্যালয়ই উৎসাহ দেখিয়েছে। তাদের মতে, দীর্ঘকাল ধরে চলতে থাকা দু'টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন আই আই টি মডেলে হওয়া কঠিন এবং তা কাম্যও নয়। তার বাইরে গিয়েও ওই দুই প্রতিষ্ঠানের আন্তর্জাতিক মানের শিক্ষাকেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা পাওয়া সম্ভব বলে মনে করেন দুই উপাচার্য। তাঁদের কথায়: কেন্দ্রের বিশেষজ্ঞদলও এই ব্যাপারে সহমত।

কিন্তু কেন্দ্রের আর্থিক সহায়তা পাওয়ার পরে প্রতিষ্ঠানের পরিচালনা নিয়ে ধোঁয়াশা রয়েছেই। যাদবপুরের উপাচার্য অশোকনাথ বসু ও শিবপুরের উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায় জানান, পরিচালনার ব্যাপারেও কেন্দ্রীয় বিশেষজ্ঞেরা নির্দিষ্ট কোনও প্রস্তাব দেননি। তবে এই নিয়ে উভয় পক্ষে কিছু কথা হয়েছে। প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ বা পরিচালনার ক্ষেত্রে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গিই যে সব চেয়ে গুরুত্বপূর্ণ হবে, উপাচার্যেরা তা স্বীকার করেন।

উন্নয়নের জন্য কেন্দ্র মোটা অঙ্কের অর্থ বা দু'টি প্রতিষ্ঠানকে আন্তর্জাতিক মানে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিলেও একতরফা

ভাবে সেগুলির নিয়ন্ত্রণ তাদের হাতে দিতে রাজি নয় রাজ্য।  
উচ্চশিক্ষা মন্ত্রী সত্যসাধন চক্রবর্তী আগেই জানিয়েছেন, কেন্দ্র  
যদি সবটা নিয়ন্ত্রণ করার কথা ভেবে থাকে, তবে অনেক রাজ্যই  
তা মেনে নেবে না। অন্য রাজ্য যা-ই করুক, পশ্চিমবঙ্গ যে  
নিজেদের প্রতিষ্ঠানে কেন্দ্রের নিয়ন্ত্রণ মানবে না, তাঁর কথায় সেটা  
পরিষ্কার।

কেন্দ্রের বিশেষজ্ঞদল ফিরে যাওয়ার পরেও সত্যসাধনবাবু বলেন,  
“কেন্দ্রীয় প্রতিষ্ঠানগুলিতে যেমন দেখা যায়, সেই মনোনীত কী  
মটির মাধ্যমে পরিচালনা মানব না আমরা। আমাদের শিক্ষা  
প্রতিষ্ঠানগুলি পরিচালিত হয় বিভিন্ন স্তরের নির্বাচিত  
প্রতিনিধিদের মাধ্যমে।” তাঁর মতে, প্রকৃত অর্থে  
বিশ্ববিদ্যালয়গুলির উপরে রাজ্যের কোনও নিয়ন্ত্রণই নেই। তাই  
এই ক্ষেত্রে কেন্দ্রের নিয়ন্ত্রণ মানারও প্রশ্ন ওঠে না।

কেন্দ্রীয় প্রকল্পের আওতায় এলে প্রতিষ্ঠানের পরিচালনা কী ভাবে  
হবে, সেই বিষয়ে শিবপুরের উপাচার্য বিশেষজ্ঞদের কিছু  
বলেননি। তাঁর কথায়: কেন্দ্র ও রাজ্য কথা বলে এটা ঠিক করুক।  
যাদবপুরের উপাচার্য প্রাথমিক ভাবে জানিয়েছেন, পরিচালনা  
পদ্ধতির মূল কাঠামো নষ্ট না করে অর্থদাতা সংস্থার প্রতিনিধিদের  
ও বিশ্ববিদ্যালয় পরিচালনায় যুক্ত করা যেতে পারে। তবে কোনও  
অবস্থাতেই তাঁদের হাতে নিয়ন্ত্রণের ভার থাকবে না। তাঁর মতে,  
যাদবপুর যে ধরনের স্বাধীনতা ভোগ করে, তা আই আই টি বা  
ওই ধরনের অন্য প্রতিষ্ঠানের চেয়ে কোনও অংশে কম নয়।  
বিশ্ববিদ্যালয়ের নবপর্যায়ে রূপান্তরের ক্ষেত্রে পরামর্শ দেওয়ার  
জন্য বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞ নিয়ে বিশ্ববিদ্যালয়-ভিত্তিক ‘থিঙ্ক  
ট্যাঙ্ক’ গড়ার প্রস্তাবও দিচ্ছেন অশোকবাবু।

কিন্তু বেশ কিছু দিন ধরে আলোচনা চললেও কেন্দ্র এই  
ব্যাপারে রাজ্যকে কেন অন্ধকারে রেখেছে, সেই প্রশ্ন উঠেছে। র  
াজ্যের উচ্চশিক্ষা সচিব জহর সরকার বলেন, “এই প্রকল্পের  
ব্যাপারে কেন্দ্রের কাছ থেকে রাজ্য এক টুকরো কাগজও  
পায়নি।” উচ্চশিক্ষা মন্ত্রী সত্যসাধনবাবু বলেন, “ওঁরা যে কী কর  
তে চাইছেন, কী ভাবে চাইছেন, কিছুই তো জানি না।”

অবশ্য পরিচালনা ছাড়াও অন্য ভাবনা যে রাজ্য সরকারের র  
 য়েছে, উচ্চশিক্ষা মন্ত্রী তা-ও জানিয়েছেন। রাজ্য চায়, নতুন  
 ব্যবস্থায় এখানকার জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমেই ছাত্র ভর্তি  
 হোক। কারণ, আই আই টি-র মতো কেন্দ্রীয় পরীক্ষায় রাজ্যের  
 পড়ুয়াদের সাফল্যের হার মোটেই ভাল নয়। যাদবপুরের  
 ইঞ্জিনিয়ারিংয়ের ডিন মনোজ মিত্র বলেন, “রাজ্যে ইঞ্জিনিয়ারি  
 ঙয়ের সেরা ছাত্রছাত্রীরা যাদবপুর ও শিবপুরে ভর্তি হয়। ব্যবস্থাটা  
 পাল্টালে আমরা সর্বভারতীয় তালিকার লেজটা পাব। সেটা ে  
 মাটেই কাম্য নয়।” তবে সারা দেশের ইঞ্জিনিয়ারিং পড়ুয়াদের  
 জন্য অভিন্ন ভর্তি পরীক্ষার বন্দোবস্ত হলে তাঁদের আপত্তি নেই  
 বলেও জানান তিনি।



[First Page](#) | [Calcutta](#) | [State](#) | [Uttarbanga](#) | [Dakshinbanga](#) | [Bardhaman](#)  
[Purulia](#) | [Murshidabad](#) | [Medinipur](#) | [National](#) | [Business](#) | [Foreign](#)  
[Sports](#) | [Today](#) | [Editorial](#) | [Reviews](#) | [Patrika](#) | [Rabibashariya](#)  
[Horoscope](#) | [Crossword](#) | [Comics](#) | [Feedback](#) | [Archives](#) | [About Us](#)  
[Classifieds](#) | [Advertisement Rates](#) | [Font Problem](#)